গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর**
বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
২৫, নিউ ইস্কাটন, ঢাকা
www.ocei.gov.bd

নং-২৭.০১.০০০০.০১.০১৫.৪০৩.০৮-০১ তারিখঃ ১৫-০৭-২০২১ খ্রিঃ।

বিষয়ঃ বিদ্যুৎ বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়নের জন্য তথ্যাদি প্রেরণ প্রসংগে।

সূত্রঃ বিদ্যুৎ বিভাগের সমন্বয়-১ শাখার স্মারক নং-২৭.০০.০০০০.০৫১.১৬.০০৬.২১.১৩০ ; তারিখঃ ২৪-০৬-২০২১খ্রিঃ ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কার্যক্রমের উপর প্রতিবেদন তৈরী করে পরবর্তী কার্যক্রমের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

স্বাক্ষরিত/-
১৫-৭-২১
(আবুল খায়ের মোঃ আক্কাস আলী )
প্রধান বিদ্যুৎ পরিদর্শক
( যুগ্ম সচিব)
ফোন: ৫৮৩১৫২১১
Email: eadvisor@pd.gov.bd

সচিব
বিদ্যুৎ বিভাগ
[ দৃষ্টি আকর্ষণ: জনাব মোহাম্মদ মফিজুর রহমান, যুগ্ম সচিব, সমন্বয়-১ অধি শাখা, বিদ্যুৎ বিভাগ ]

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থে:
১। জনাব মোঃ সাজিবুল হক, পরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর**

বিদ্যুৎ বিভাগ

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

২৫, নিউ ইস্কাটন, ঢাকা-১০০০

www.ocei.gov.bd

## প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কার্যক্রমের উপর প্রতিবেদনঃ

### ১। ভূমিকা :

প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর বিদ্যুৎ বিভাগের আওতাধীন একটি সংযুক্ত সরকারি দপ্তর। ১৯১০ সালের ইলেকট্রিসিটি এ্যাক্টের ৩৬নং ধারা ও ১৯৩৭ সালের ইলেকট্রিসিটি রুলস এর বিধি ৪-১০ অনুসরণে বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ এবং ব্যবহারের প্রতিটি ক্ষেত্রে সুষ্ঠুভাবে নিয়ন্ত্রণ, জীবন ও সম্পদের নিরাপত্তা নিশ্চিতকরণে বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক দপ্তরটি সৃষ্টি করা হয়। পরবর্তীতে উক্ত দপ্তরের কার্যাবলী গুরুত্ব বিবেচনায় বিদ্যুৎ আইন, ২০১৮ এর ৩১ ধারা অনুসরণে দপ্তরের নাম সংশোধনপূর্বক প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর নামকরণ করা হয়। শিল্প কল-কারখানাসহ সকল উচ্চ ও মধ্যম চাপের নতুন বৈদ্যুতিক উপকেন্দ্র ও স্থাপনা পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষান্তে বিদ্যুৎ সংযোগের অনুমোদন প্রদান করা এ দপ্তরের অন্যতম কাজ। অপরদিকে বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ডের মাধ্যমে পরীক্ষা গ্রহণ করতঃ বৈদ্যুতিক কাজে পেশাজ্ঞান সম্পন্ন উপযুক্ত ঠিকাদার, প্রকৌশলী ও ইলেকট্রিশিয়ানগণকে চিহ্নিতপূর্বক তাদেরকে বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স, সুপারভাইজার কম্পিটেন্সি সার্টিফিকেট ও কারিগরি পারমিট প্রদান করা হয়ে থাকে। তাছাড়াও এ দপ্তর পরিদর্শন ও লাইসেন্সিং কার্যক্রম বাবদ সরকারের রাজস্ব ( Non-tax Revenue) আদায় করে থাকে ।

### ১.১ । রূপকল্প(Vision):

বিদ্যুৎ সঞ্চালণ, বিতরণ, সরবরাহ ও ব্যবহারের প্রতিটি ক্ষেত্রে জনজীবন ও সম্পদের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে নিরাপদ বিদ্যুৎ ব্যবহার নিশ্চিত করা।

### ১.২। অভিলক্ষ্য(Mission):

জন নিরাপত্তা নিশ্চিত করণের লক্ষ্যে ৫০ কিঃ ওঃ বা তদুর্ধ্ব ক্ষমতা সম্পন্ন সকল উচ্চ ও মধ্যম চাপের নতুন বৈদ্যুতিক উপকেন্দ্র ও স্থাপনা পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষান্তে বিদ্যুৎ সংযোগের অনুমোদন প্রদানের পাশাপাশি বৈদ্যুতিক কাজে পেশাজ্ঞান সম্পন্ন উপযুক্ত ঠিকাদার, প্রকৌশলী ও ইলেকট্রিশিয়ানগণকে চিহ্নিতপূর্বক তাঁদের অনুকুলে বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স, সুপারভাইজারী সার্টিফিকেট ও কারিগরি পারমিট ইস্যুকরণ।

### ১.৩। কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

(ক) নিরাপদ বিদ্যুৎ ব্যবহার নিশ্চিত করা।

(খ) দক্ষ কারিগরি জ্ঞান সম্পন্ন জনশক্তি চিহ্নিত করণ ও লাইসেন্স প্রদান।

(গ) প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করা

## ২। দপ্তরের প্রধান কার্যাবলী:

ক) গ্রাহকের ৫০ কিলোওয়াট বা তদুর্দ্ধ বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে মধ্যম, উচ্চ ও অতিউচ্চ চাপের নতুন বৈদ্যুতিক উপকেন্দ্র ও স্থাপনাসমূহ পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষান্তে জানমালের নিরাপত্তা নিশ্চিত করতঃ উপকেন্দ্র চালুর অনুমোদন প্রদান করা এবং প্রতি ২(দুই) বছর অন্তর অন্তর পরিদর্শনপূর্বক অনুমোদন নবায়ন করা;

খ) এ দপ্তরের অধীনে বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ডের মাধ্যমে পরীক্ষা গ্রহণ করতঃ বৈদ্যুতিক কাজে পেশাজ্ঞান সম্পন্ন উপযুক্ত ঠিকাদার, প্রকৌশলী ও ইলেকট্রিশিয়ানগণকে চিহ্নিতপূর্বক তাদেরকে যথাক্রমে বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স, সুপারভাইজার কম্পিটেন্সি সার্টিফিকেট ও কারিগরি পারমিট প্রদান করা হয়ে থাকে এবং উক্ত লাইসেন্সসমূহ প্রতিবছরে নবায়নপূর্বক তথ্যসমূহ সংরক্ষণ করা;

গ) বিদ্যুৎ আইন, ২০১৮ এর ২৯ ধারা মোতাবেক বৈদ্যুতিক দূর্ঘটনার বিষয়ে বিদ্যুৎ বিতরণকারী সংস্থার রিপোর্টের উপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

ঘ) গ্রাহকের ৫০ কিলোওয়াট বা তদুর্দ্ধ ক্ষমতার বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে ভবন নির্মাণের পূর্বে ভবনের অভ্যন্তরীণ ওয়্যারিং ডায়াগ্রামসহ সেফটি প্ল্যান পরীক্ষা-নিরীক্ষাপূর্বক অনুমোদন প্রদান করা;

ঙ) বৈদ্যুতিক উপকেন্দ্র সরঞ্জামাদি (ট্রান্সফরমার, এইচটি সুইচগিয়ার, এলটি সুইচগিয়ার, পিএফআই প্ল্যান্ট) প্রস্তুতকারী প্রতিষ্ঠানসমূহ সরেজমিন পরিদর্শনপূর্বক অনুমোদন প্রদান করা;

চ) ট্রান্সফরমার তৈল পরীক্ষাকারী প্রতিষ্ঠানসমূহ সরেজমিন পরিদর্শনপূর্বক অনুমোদন প্রদান করা;

ছ) উল্লিখিত কার্যাবলী সম্পাদনের মাধ্যমে সরকারের নন-ট্যাক্স রাজস্ব (Non-Tax Revenue) আয় করা।

## ৩। সাংগঠনিক কাঠামো:

১৯৪৭ সালে ১১ (এগার)টি পদ সৃজনের মাধ্যমে এ দপ্তরের কার্যক্রম শুরু হয়। ১৯৮২ সালে এনাম কমিটির সুপারিশ অনুযায়ী ৩৩ জন (৮ জন কর্মকর্তা ও ২৫ জন কর্মচারী ) জনবলের সাংগঠনিক কাঠামো অনুমোদনসহ ১৯৮৫ সালে নিয়োগ বিধিমালা অনুমোদিত হয়। সেবার মান অধিকতর উন্নয়ন ও দ্রুততরকরণের লক্ষ্যে ও সরকারের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে ০৪ মে, ২০১৪ খ্রিঃ তারিখে নতুন আরও ১২টি পদ চূড়ান্তভাবে অনুমোদিত হয়েছে। বর্তমানে অত্র দপ্তরের অর্গানোগ্রাম অনুযায়ী জনবল বৃদ্ধি পেয়ে দাড়িয়েছে মোট ৪৫ জন। অফিসটি শক্তিশালী ,আধুনিকিকরণ ও ডিজিটালাইজড এবং বিভাগীয় পর্যায়ে অফিস স্থাপন করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ মন্ত্রণালয় এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদনে নতুন আরও ৬৯টি পদ রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজনে সম্মতি জ্ঞাপন করা হয়েছে ফলে দপ্তরটির জনবল দাড়াবে ১১৪ জন। আশা করা যায় নিয়োগ বিধিসহ পদসৃজনের সকল আনুষ্ঠকিনতা সম্পন্ন করে ২০২২-২০২৩ অর্থবছরের মধ্যে ১১৪ জনবলের একটি শক্তিশালী আধুনিক অফিস স্থাপন করা সম্ভব হবে।

**৪। প্রধান বিদ্যুৎ পরিদর্শক দপ্তরের ডিজিটালাইজেশন :**

২০২০-২১ অর্থ বছরে প্রধান বিদ্যুৎ পরিদর্শক দপ্তরের সকল কার্যক্রম ডিজিটালাইজেশন করা হয়েছে এর ফলে অনলাইন ও অফলাইন ডিজিটাল সিস্টেম ব্যবহার করে ন্যুনতম জনবলের মাধ্যমে এ দপ্তরের কাজসমূহ দক্ষতার সাথে সম্পাদন, গ্রাহকদেরকে উত্তম সেবা দেয়া সম্ভব হচ্ছে।

ডিজিটাল সেবার মাধ্যমে নিম্নোক্ত সুফল পাওয়া যাচ্ছে:

- ডাটা সেন্টার এবং ডিজাস্টার রিকোভারী-ডিভাইস স্থাপন করা হয়েছে;
- উপকেন্দ্র পরিদর্শন কার্যক্রম করার জন্য আধুনিক ইন্সপেকশন ম্যানেজমেন্ট সিস্টেম সফ্টওয়্যার এর মাধ্যমে অন লাইনে আবেদন গ্রহণ,পরিদর্শন রিপোর্ট এবং অনুমোদন প্রদান করা হচ্ছে;
- বিদ্যুৎ লাইসেন্সিং এবং পরিদর্শন কার্যক্রম দ্রুত ও দক্ষতার সাথে সম্পন্ন করার লক্ষ্যে ওয়েবভিত্তিক সফ্টওয়্যার ডেভলপমেন্ট পরিচালনা করছে প্রতিষ্ঠানটি;
- লাইসেন্স প্রাপ্ত প্রকৌশলী এবং ইলেকট্রিশিয়ানদের আধুনিক চিপ সম্বলিত স্মার্ট কার্ড দেয়া হচ্ছে;
- প্রতিষ্ঠানের পুরনো সব নথি বা ডকুমেন্ট ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণ করা হয়েছে;
- লাইসেন্স নবায়ন কার্যক্রম অটোমেশনের ফলে গ্রাহক ঘরে বসেই অন লাইনের মাধ্যমে লাইসেন্স নবায়ন করে হাতে পেয়ে যাচ্ছে;
- প্রশাসনিক. পিএমআইএস এবং আর্থিক সবধরনের কার্যক্রমকে একটি সুরক্ষিত ডাটাবেসে সংরক্ষণ করা হচ্ছে;
- ডিজিটালাইজেশন বা ওয়েবভিত্তিক ডাটাবেস এর মাধ্যমে গ্রাহকদের দ্রুত সেবা প্রদান নিশ্চিত করার ফলে সরকারের নন-ট্যাক্স রাজস্ব বৃদ্ধি পেয়েছে;
- ইলেকট্রিশিয়ান অ্যাপস তৈরির ফলে জনগন অ্যাপস ব্যবহার করে নিকটস্থ ইলেকট্রিশিয়ান এর তাৎক্ষনিক সেবা পেয়ে থাকে।

৫। <u>সেবাভিত্তিক সাফল্যঃ</u>

প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর কর্তৃক রেগুলেটরী কার্যক্রম সম্পন্ন করে গত ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরে সেবা প্রদানের অগ্রগতি নিম্নবর্ণিত ছকে দেখানো হলো:

| ক্রমিক নং | কার্যক্রম | ২০১৮-১৯ অর্থবছর | ২০১৯-২০ অর্থবছর | ২০২০-২০২১ অর্থবছর | ২০১৯-২০২০ অর্থবছর এর তুলনায় ২০২০-২০২১ অর্থবছরে অগ্রগতির হার (%) |
|---|---|---|---|---|---|
| ১। | বৈদ্যুতিক উপকেন্দ্র চালুর অনুমোদন জারি | ৩৫২৯ | ৩১৬৪ | ৩৩৪০ | (+) ৫.৫৬% |
| ২। | বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স জারি | ৫০২ | ৮৮৩ | ৬২৮ | (-) ২৮.৮৭% |
| ৩। | বৈদ্যুতিক সুপারভাইজার সার্টিফিকেট জারি | ৮২৩ | ১৮৪৮ | ১৪৩৯ | (-)২২.১৩% |
| ৪। | বৈদ্যুতিক কারিগরি পারমিট জারি | ১৪০৮৬ | ৮৫১১ | ৮৫২৬ | (+) ০.১৭% |
| ৫। | বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স নবায়ন | ৪৩১৩ | ৪৫০২ | ৫০৪১ | (+) ১১.৯৭% |
| ৬। | বৈদ্যুতিক সুপারভাইজার সার্টিফিকেট নবায়ন | ৫৩৩৪ | ৫৩১১ | ৬৫৯২ | (+)২৪.১১% |
| ৭। | বৈদ্যুতিক কারিগরি পারমিট নবায়ন | ৭০০৩ | ৭৮২০ | ১১৬৯১ | (+) ৪৯.৫০% |

৫। আর্থিক সাফল্যঃ

প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা প্রতিবছরই রাজস্ব ( Non-tax Revenue) আয় করে আসছে। বিগত ৩(তিন) বছরের রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা ও প্রকৃত রাজস্ব আয়ের বিবরণী নিচের ছকে দেয়া হলো।

| অর্থ বছর | অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা | প্রকৃত রাজস্ব আয় | লক্ষ্যমাত্রা অপেক্ষা অধিক আয়ের পরিমান | লক্ষ্যমাত্রা অপেক্ষা অর্জনের হার (কম/বেশী) |
|---|---|---|---|---|
| ২০১৮-১৯ | ১০,৮৫,০০০০০.০০ | ১১,৪৫,৫৪,০০০.০০ | (+) ৬০৫৪০০০.০০ | (+) ৫.৫৮% |
| ২০১৯-২০২০ | ১১,০০,০০০০০.০০ | ১০,০৫,৩৩,০০০.০০ | (-) ৯৪৬৭০০০.০০ | (-) ৮.৬০% |
| ২০২০-২১ | ১১,০০,০০০০০.০০ | ১১,১৬,৭০,০০০.০০ | (+) ১৬৭০০০০.০০ | (+)১.৫% |

৬। সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

সমস্যা:

(১) জনবলের সংখ্যা অপ্রতুল হওয়ায় রুটিন পরিদর্শন কাজে বিঘ্ন ;
(২) পরিদর্শন যানবাহনের না থাকায় পরিদর্শন কাজে বিঘ্ন ;
(৩) বিভাগীয় পর্যায়ে অফিস না থাকা ।

চ্যালেঞ্জঃ

(১) ২০২২ সালের মধ্যে সাংগঠনিক কাঠামোতে জনবল বৃদ্ধিসহ বিভাগীয় শহরে অফিস স্থাপন ;
(২) প্রধান বিদ্যুৎ পরিদর্শক দপ্তরের অফিসটি ভবনটি বহুতল ভবনে রূপান্তর করা;
(৩) ২০২২ সালের মধ্যে পেপারলেস অফিস চালু করা।

৭। ভবিষ্যত পরিকল্পনাঃ

২০২৪ সালের মধ্যে এ দপ্তরের প্রধান কার্যালয়সহ বিভাগীয় পর্যায়ে অফিস স্থাপন; এ দপ্তরের জনবল বৃদ্ধিকরণ; পরিদর্শন যানবাহন ক্রয়ের উদ্যোগ গ্রহণ; সমস্ত সেবা কার্যক্রম ডিজিটালাইজের মাধ্যমে জনগনের দোরগোড়ায় পৌঁছে দেয়া; বিদ্যুৎ খাতে দক্ষ জনশক্তি চিহ্নিত করে লাইসেন্স প্রদান; হাই ভোল্টেজ টেষ্টিং ল্যাব স্থাপন সহ দপ্তরের সকল কার্যক্রম ডাটাবেইজে রূপান্তর করে স্থায়ীভাবে ডাটা/রেকর্ড সংরক্ষণ করা হয়েছে

স্বাক্ষরিত/-
১৫-৭-২১
(আবুল খায়ের মোঃ আক্কাস আলী )
প্রধান বিদ্যুৎ পরিদর্শক
( যুগ্ম সচিব)
ফোন: ৫৮৩১৫২১১
Email: eadvisor@pd.gov.bd